

া সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭২৭

১৬/ হাজ (হজ/হজ) (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৭. হজ্জ, উমরা অথবা উভয় উদ্দেশ্যে ইহরামকারীর জন্য স্থলের হালাল জন্তু অথবা যে জন্তু মূলত স্থলের, তা শিকার করা নিষিদ্ধ

আরবী

وَحَدَّثَنَاهُ مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنِي الْقَاسِمُ، بِهَذَا بْنُ زَكَرِيَّاءَ حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ، عَنْ شَيْبَانَ، جَمِيعًا عَنْ عُثْمَانَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَب، بِهَذَا الْإِسْنَادِ فِي رِوَايَةِ شَيْبَانَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَمِنْكُمْ أَحَدٌ أَمَرَهُ أَنْ يَحْمِلَ عَلَيْهَا أَوْ أَصَارَ إِلَيْهَا ". وَفِي رِوَايَةِ شُعْبَةَ قَالَ " أَشَرْتُمْ أَوْ أَعَنْتُمْ ". أَوْ " أَصَدُتُمْ ". قَالَ شُعْبَةُ لاَ أَدْرِي قَالَ " أَعْنَتُمْ أَوْ أَعَنْتُمْ ". قَالَ " أَشَرْتُمْ أَوْ أَعَنْتُمْ ".

বাংলা

২৭২৭। মুহাম্মদ ইবনু মূসান্না ... শু'বা (রহঃ) থেকে ও কাসিম ইবনু যাকারিয়া (রহঃ) শায়বান থেকে এবং তারা উভয়ে ... উসমান ইবনু আবদুল্লাহ ইবনু মাওহাব (রহঃ) থেকে উপরোক্ত সনদ সুত্রে এ হাদীস বর্ণনা করেছেন। শায়বানের বর্ণনায় আছে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করলেন, তোমাদের কেউ কি তাকে গাধাটি আক্রমণ করার জন্য নির্দেশ দিয়েছে অথবা এর প্রতি ইঙ্গিত করেছে? আর শু'বার বর্ণনায় আছে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞাসা করলেন, "তোমরা কি (শিকারের দিকে) ইঙ্গিত করেছিলে অথবা সাহায্য করেছিলে" অথবা "শিকার করেছিলে", শু'বা বলেন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই "সাহায্য করেছিলে" বলেছেন, তা আমি জানি না।

English

This hadith is narrated on the authority of 'Uthman b. 'Abdullah b. Mauhab with the same chain of transmitters. And in the narration transmitted on the authority of Shaiban (the words are):

"The Messenoer of Allah (ﷺ) said: Did any one of you command him to attack it or point towards it?" And in the narration transmitted by Shu'ba (the words are): "Did you point out or did you help or did you hunt?" Shu'ba said: I do not know whether he said: "Did you help or did you hunt?"



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ শু'বা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন